



কুয়েটের উপ-উপাচার্য হলেন ড. শেখ শরীফুল

খুলনা ব্যুরো

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) উপ-উপাচার্য হিসাবে বুধবার দায়িত্ব গ্রহণ করেছেন অধ্যাপক ড. শেখ শরীফুল আলম। রাষ্ট্রপতির নির্দেশে বুধবার থেকে আগামী চার বছরের জন্য তাকে এই পদে নিয়োগ দেওয়া হয়েছে।

কুয়েটের ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. শেখ শরীফুল আলম ইতোপূর্বে এই বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান, কুয়েটের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন।

তিনি ২০০৩ সালে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে বিএসসি ইন ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জন করেন, ২০১০ সালে ইতালির ত্রেস্তো বিশ্ববিদ্যালয় থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং এবং ইতালির ইউনিভার্সিটি অব জেনোয়া থেকে ২০১৪ সালে পিএইচডি ডিগ্রি সম্পন্ন করেন। তিনি ২০০৪ সালে ওই বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রনিক অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসাবে যোগদান করেন। ২০১৭ সালে অধ্যাপক হিসাবে কুয়েটের ইলেকট্রনিক অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে

যোগদান করেন।
প্রফেসর ড. শেখ শরীফুল আলম
১৯৭৯ সালে খুলনা জেলার দৌলতপুর
ধানার মহেশ্বপাশা গ্রামের জন্মগ্রহণ
করেন। তিনি ব্যক্তিগত জীবনে
বিবাহিত ও দুই সন্তানের জনক।